দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1992 ... পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

### গঠনমূলক সমালোচনা স্বাগত জানাব

# উন্নয়নের স্বার্থে সন্ত্রাস রুখতে হবে ঃ খালেদা

প্রধানমন্ত্রী গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য ন'বছরের স্বৈরাচারের বিরুদ্ধে লড়ে যাবার মত একই চেতনা নিয়ে সন্ত্রাসের বিরুদ্ধে লড়ে যেতে ছাত্রসমাজের প্রতি আহবান জানিয়েছেন। খবর বাসসর।

প্রধানমন্ত্রী বলেনঃ আমরা সন্ত্রাস নির্মূল করতে না পারলে যে কোন উন্নয়ন কর্মসূচীর সাফল্যজনক বাস্তবায়ন দুষ্কর হয়ে দাঁড়াবে।

চাকসুর ভিপি নাজিমউদ্দিনের নেতৃত্বে বিভিন্ন ছাত্র সংগঠনের তিনশয়ের বেশি নেতা ও কর্মীর জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান উপলক্ষে মঙ্গলবার বিকালে সুগন্ধায় প্রধানমন্ত্রী ছাত্রদের উদ্দেশে একথা বলেন।

তিনি আরো বলেনঃ জাতিকে প্রগতির পথে নিয়ে যেতে হলে আমাদের বেকার সমস্যা ও নিরক্ষরতা একই সঙ্গে দূর করতে হবে।

বেগম খালেদা জিয়া গণতন্ত্রকে সংহত করতে সাহায্যের জন্য সর্বস্তরের জনগণের ঐক্যের প্রতি জোর দেন। এ প্রসঙ্গে তিনি বলেন যে বিএনপি বহুদলীয় গণতন্ত্রে বিশ্বাসী এবং তারা গঠনমূলক সমালোচনাকেও স্বাগত জানায়।

প্রধানমন্ত্রী বলেনঃ আমাদের ভুল ত্রুটি ধরিয়ে দেয়া হলে আমরা সংশোধিত ব্যবস্থা নেব।

তিনি আরো বলেনঃ বিএনপি সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাসী ও ধর্মীয় বিশ্বাস নির্বিশেষে সবার প্রতি সমান শ্রদ্ধাশীল।

বেগম জিয়া দেশের মুক্তিযুদ্ধে পুরো জাতির অবদানের কথাও এ প্রসঙ্গে স্মরণ করেন।

সন্ত্রাসকে লালন করার জন্য প্রধানমন্ত্রী নবছরের স্বৈরাচারী শাসনামলের প্রতি দোষারোপ করেন। তিনি আরো উল্লেখ করেন যে সন্ত্রাস ও বেকারত্ব দূর না করা পর্যন্ত কল্যাণমুখী কোন কর্মসূচি বাস্তবায়ন দুষ্কর হয়ে পড়বে।

তিনি সরকারের দারিদ্র্য মোচন পরিকল্পনার লক্ষ্যে ছাত্র সমাজকে গণশিক্ষা কর্মসূচীর প্রসারে সাহায্য করা ও নিপীড়িত লাখো মানুষের মুখে হাসি ফুটিয়ে তোলার আহবান জানান।

বেগম জিয়া জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদানকারীদের বাংলাদেশী জাতীয়তাবাদকে শক্তিশালী ও শহীদ প্রেসিডেন্ট জিয়ার স্বপ্নকে বাস্তবায়িত করারও আহবান জানিয়েছেন।

সাক্ষরতা প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে প্রতিবেশী কয়েকটি দেশের তুলনায় বাংলাদেশ স্বাক্ষরতার হার বৃদ্ধিতে পিছিয়ে রয়েছে। এই সমস্যার সমাধান ও জাতিকে গড়ে তোলা সবার যৌথ দায়িত্ব বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য একটি আবাসিক হল নির্মাণের কাজ হাতে নেয়া হবে। ছাত্রদের জন্য আরেকটি হল নির্মাণের বিষয়টি পরে বিবেচনা করা হবে বলেও তিনি জানান। বেগম জিয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সহিংসতায় নিহত ছাত্র ফারুকের পরিবারকে সাহায্যের আশ্বাস দেন।

যোগাযোগমন্ত্রী কর্নেল (অবঃ) অলি আহমেদ, শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, তথ্যমন্ত্রী নাজমুল হুদা, পরিবেশ মন্ত্রী আবদুল্লাহ আল নোমান, পরিকল্পনা মন্ত্রী জহিরুদ্দিন খান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মীর নাসিরউদ্দিন, এডভোকেট মজিবর রহমান, ছাত্র বিষয়ক সচিব ও ঢাকা ভার্সিটির ভিপি আমানউল্লাহ

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মঙ্গলবার সুগন্ধায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের ৩০০—এর অধিক ছাত্রনেতা ও কর্মীর বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান অনুষ্ঠানে ভাষণ দেন

## খালেদা

(প্রথম পৃষ্ঠার পর)

আমান এমপি, ছাত্রদলের সাধারণ সম্পাদক ইলিয়াস আলী, ডাকসুর সাধারণ সম্পাদক খায়রুল কবীর খোকন ও ডাকসুর সহ সাধারণ সম্পাদক নাজিমউদ্দিন আলমও এ উপলক্ষে বক্তব্য রাখেন।

15